Book No. 1, Deed No - 6751 Dt-20-9-1993, A.D.S.R Sonarpur

दस रुपये

सत्यमेव जयते

भारत INDIA

१०रु 10Rs.

TEN RUPEES

জেলা- দক্ষিণ ২৪ পরগণা,

থানা- সোনারপুর,

মৌজা- সোনারপুর,

জমির পরিমাণ- ৩ কাঠা ৫ছটাক ২৭বর্গফুট, Stamp Rs:-5000/-
" " 5000/-
" " 5000/-
" " 5000/-
" " 2000/-
" " 200/-
" " 200/-
" " 10/-

জমী- শালি।

Total stamp Rs. 22[illegible]/-

১,৬০,০০০.০০ এক লক্ষ ষাট হাজার টাকা পণ মূল্যের নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা।

কোবালা গ্রহিতাগণ ও গ্রহিত্রী:

১। শ্রী উত্তম কুমার দেবনাথ, পিতা শ্রী অরুণ চন্দ্র দেবনাথ, জাতি- হিন্দু, পেশা- অধ্যয়ন, ২। শ্রী উজ্জ্বল কুমার দেবনাথ, পিতা- শ্রী অরুণ চন্দ্র দেবনাথ, জাতি- হিন্দু, পেশা- অধ্যয়ন, ৩। শ্রী নারায়ণ চন্দ্র দেবনাথ, পিতা মৃত চন্দ্রশেখর দেবনাথ, জাতি- হিন্দু, পেশা- ব্যবসা, ৪। শ্রীমতি পুষ্প দেবনাথ, স্বামী- শ্রী নারায়ণ চন্দ্র দেবনাথ, জাতি- হিন্দু, পেশা- গৃহস্থালী, সর্ব্ব সাং- পাণ্ডুয়া, পোষ্ট অফিস - মহারাই আমবাগান, থানা- পাণ্ডুয়া, জেলা- হুগলী, পশ্চিমবঙ্গ।

[illegible] Act [illegible] Act 1899 [illegible] schedule IA [illegible] 23
Rs 11/50
1749/-
7/-
Total Rs. 1756/-
Sd/- J. Haldar
District Sub-Registrar
Sonarpur, 24 Parganas (S)
20/9/93

23/801

Serial No.......
Sold to.......
Address.......
No.......
C.M.M.'s Court
... Street, Cal.-1
3 SEP 1993

PANCHU GOPAL SHAW (B.Sc.)
ADVOCATE
2, BANK SHALL STREET
CALCUTTA-1

PANCHU GOPAL SHAW (B.Sc.)
ADVOCATE
2, BANK SHALL STREET
CALCUTTA-1

1-05
Approved Stamp Vendor,
C.M.M.'s Court,
2, Bankshall Street, Cal-1

... 20th Day of Sept 1993
... A. D. S. R. Office
Panch Kari Ghosh ...

শ্রী ...

sd/ Halder,
Addl. District Sub-Registrar
Sonarpur, 24 Parganas (S)
20/9/93

Panch Kari ...
... Mohendra Kumar ...
Khirish Tala
Thana - Sonarpur.
By Caste Hindu
By Prof. Service
T.I. No. 7994

শ্রী ...

Tapan Chowdhury
... Phani Bhusan Chowdhury
Baidya Para
Sonarpur
By Cast Hindu
By Prof. Business

... Rs. 4.00
... Rs. 9.20
... Rs. 10.00
... Rs. 20.00
Court Fee ...
E. Panel ... 3.00
Total 46.40
Sent ... 
... to the ...
... No. 5187/24.9.93

sd/ Halder,
Addl. District Sub-Registrar
Sonarpur, 24 Parganas (S)
20/9/93

... 27/9/93

Addl. District Sub-Registrar
Sonarpur, 24 Parganas (S)

কোবালা দাতা:-
**************

শ্রী পাঁচকড়ি দত্ত, পিতা মৃত মহেন্দ্র কুমার দত্ত, জাতি- হিন্দু, পেশা- চাকুরী, সাং- ফিরিঙ্গতলা, সোনারপুর, থানা- সোনারপুর, জেলা- দক্ষিণ ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ।

কস্য আমার নিজ নামে বরাবর খরিদা ৪ নং বিষয়তে রায়ত: দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের সর্ব্ব প্রকার হস্তান্তর যোগ্য খালি জমি জমা যায় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ আলো বাতাস, আগম, নিগম সহ সম্পূর্ণ নির্দ্দায়, নির্দ্দোষ, নির্গোল ও মুক্তাবস্থায় নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা- ও এ্যাডিশন্যাল সাবরেজিষ্ট্রী অফিস- সোনারপুর, সাবেক সাব রেজিষ্ট্রী অফিস বারুইপুর, সদর রেজিষ্ট্রী অফিস- আলিপুর এলাকাধিন মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিণ ২৪ পরগণা কালেকটার বাহাদুর আলিপুরের অধিন পরগণা মেদনমল্ল অন্তর্গত সোনারপুর ১নং গ্রাম পঞ্চায়েতের অধিন অবস্থিত মৌজা- সোনারপুর গ্রামে অবস্থিত রায়ত: দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের জে: এল: নং ৩১, রে: সা: নং- ১৩, তৌজি নং- ১০১ভুক্ত জেলা পরিবে ৩২১ নং খতিয়ান ভুক্ত হাল রিভিশন্যাল জরিপে ৩০২ নং খতিয়ানের অধিন সাবেক ২১৭ নং দাগে হাল রিভিশন্যাল জরিপে ২৫৮ নং দাগে শালি .৩৮ শতক পরিমিত জমি হইতেছে।

হাল ৩০২ নং খতিয়ানে একুনে .৪৩ শতক পরিমিত জমির বার্ষিক হারাহারি খাজনা ২ টাকা ৮৩ পয়সা বা ২ টাকা ১৩ আনা ১ পাই।

হাল ২৫৮ নং দাগে আমার নিজ নামে বরাবর খরিদা ৩ কাঠা ৫ ছটাক ২৭ বর্গফুট বা কমবেশী .০৫ ১/২ শতক পরিমিত শালি জমি হইতেছে।

আমার নিজ নাম বরাবর খরিদা ৩ কাঠা ৫ ছটাক ২৭ বর্গফুট পরিমিত শালি জমির মধ্য হইতে সম্পূর্ণ অর্থাৎ ৩ কাঠা ৫ ছটাক ২৭ বর্গফুট বা কমবেশী .০৫---°/২-- শতক পরিমিত শালি জমি যায় উক্ত সম্পত্তির চারিদিকে দেওয়া ইটের প্রাচীর সহ ও যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র দলিলে বিক্রীত সম্পত্তি হইতেছে। যাহার হারাহারি বার্ষিক খাজনা .৩৫ পয়সা। যাহা সোনারপুর থানার অন্তর্গত বি, এল, আর, ওর অফিস আদায় দিতে হয়। যাহা পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে নিযুক্ত অফিস।

এই বিক্রীত সম্পত্তি সহ আরও সম্পত্তি সোনারপুর থানার অন্তর্গত রাজপুর গ্রাম নিবাসী মৃত শরেশউল্লা মন্ডল মহাশয়ের দুই পুত্র কোরবান আলি মন্ডল ও এরশাদ আলি মন্ডলের নাম বরাবর খাসে ভোগ দখলিয় সম্পত্তি থাকাকালে ওনাদের নামে রিভিশন্যাল সেটেলমেন্ট .৩৫ শতক জমি শুদ্ধ ভাবে রেকর্ড ভুক্ত হইয়া রেকর্ড ফাইনালি পাবলিসড্ হয়। উক্ত রেকর্ড ভুক্ত সম্পত্তি কোরবান আলি মন্ডল ও এরশাদ আলি মন্ডল একযোগে ভোগদখল করিতে থাকাকালিন পরলোক গমন করিলে পর ওনাদের ত্যক্ত সম্পত্তি কোরবান আলি মন্ডলের স্ত্রী শ্রীমতি জোবেদা খাতুন ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া খাসে ভোগবতী ও দখলিকারে দখলিকারিনী হয়েন। এবং এরশাদ আলি মন্ডল ওরফে এরশাদ আলি পিতা মৃত শরেশউল্লা মন্ডল মহাশয় পরলোক গমন করিলে পর ওনার ত্যক্ত সম্পত্তি আর আট পুত্র কন্যা একযোগে প্রাপ্ত হইয়া জোবেদা

জোবেদা খাতুন মহাশয়ার সহিত যৌথভাবে সন সন খাজনাদি আদায় দিয়া দাখিলাদি গ্রহণ করতঃ পরম সুখে ভোগদখল করিতে থাকাকালিন গত ইংরাজীর ১১.৩.১৯৭৬ তারিখে মোতাবেক বাংলার ২৭ শে ফাল্গুন ১৩৮২ সালে সোনারপুর সাব রেজিষ্ট্রী অফিস হইতে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ৯৭ নং ভলিউমে লিখিত ১১৪ হইতে ১১৯ পাতায় লিখিত ১০২৭ নং কোবালা দলিল মূলে আমাকে অর্থাৎ এই দলিলের দাতাকে ৩ কাঠা ৫ ছটাক ২৭ বর্গফুট পরিমিত শালি জমি বিক্রয় করেন এবং বিক্রীত সম্পত্তিতে খোলসা খাস দখল দেন। এইরূপ ভাবে আমি খরিদান্তে উক্ত সম্পত্তির সন সন খাজনাদি প্রদান করিয়া দাখিলাদি গ্রহণ করতঃ আমার খরিদা সম্পত্তির চারিদিকে প্রাচীর দিয়া অদ্যাবধি একক ভাবে যোল আনা মালিক রূপে ভোগ দখল করিয়া আসিতেছি। উক্ত সম্পত্তি বিক্রয় করিবার উপযুক্ত স্বত্ব অধিকার বর্তমানে আমার আছে।

এক্ষণে নানাবিধ বৈধ কারণে নগদ টাকার বিশেষ আবশ্যক বা প্রয়োজন হওয়ায় এবং অন্যত্র জমি জমা ক্রয়ের নিমিত্ত নগদ টাকার প্রয়োজনে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি যাহা এই দলিল সাথ গ্রথিত নকসায় লাল রঙের সীমারেখা দ্বারা পরিবেষ্টিত ও চিহ্নিত ও স্থানীয় পরিমাপে ৩ কাঠা ৫ ছটাক ২৭ বর্গফুট বা কমবেশী .০৫-½ শতক পরিমিত শালি জমি বেলমোক্তা ১,৬০,০০০.০০ এক লক্ষ ষাট হাজার টাকায় বিক্রয় করিবার

প্রস্তাব ও ঘোষণা করিলে আপনারা কোবালা গ্রহিতাগণ ও কোবালা গ্রহিত্রী আমার প্রস্তাবে সম্মত ও রাজী হইয়া অন্যান্য ক্রেতা অপেক্ষা উচিৎ মূল্য প্রদানে ক্রয় করিতে সম্মত ও রাজী হইলে আমি অদ্য তারিখে আপনাদের নিকট হইতে বেলমোক্তা নগদ ১,৬০,০০০.০০ এক লক্ষ ষাট হাজার টাকা বুঝিয়া পাইয়া অত্র বিক্রয় কোবালা দলিল সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করণাদি করিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গীকার ও প্রচার করিতেছি যে,

অদ্য হইতে আপনাদেরকে বিক্রীত খালি জমিতে যোলআনা খাস দখল দিলাম। অদ্য হইতে আপনারা আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান, ভোগ দখলে দখলিকার ও স্বত্ববতী ও দখলকারিনী হইয়া সরকার বাহাদুর সেরেস্তায় আমার নাম সাবেক বা পুরাতন নাম কর্তন করিয়া আপনাদের নিজ নাম পত্তন পূর্বক ধার্য্য হারাহারি খাজনা আদায় দিয়া দাখিলাদি গ্রহণ করতঃ দান, বিক্রয়, বন্ধক, হস্তান্তর করণ, জমির জরাটি করণ ও ইত্যাদি করার পূর্ণ অধিকার সহ আপনারা উক্ত সম্পত্তি আপনারা স্বয়ং ও ওয়ারিশানগণ এবং স্থলাভিষিক্তগণ ক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন তাহাতে আমার বা আমার ওয়ারিশানগণের কাহারও কোনরূপ ওজর আপত্তি সর্বস্থানে, সর্বক্ষেত্রে, সর্বাদালতে বাতিল ও নামঞ্জুর বলিয়া পরিগণিত হইবে।

এই বিক্রীত সম্পত্তি বিক্রয় করিবার জন্য অন্য আর কাহারও সহিত কোনরূপ বায়নাপত্র বা চুক্তিতে আবদ্ধ হই নাই। এই বিক্রীত সম্পত্তি সরকার কর্তৃক ল্যান্ড এ্যাকুইজিশান বা রিক্যুইজিশান হয় নাই। ইহা ১৪টি ও ১৪ইউ ধারায় ভেস্টেড হয় নাই। ইহা ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্ম এ্যাক্ট ও স্টেট এ্যাকুইজিশান এ্যাক্ট অনুযায়ী ভেস্টেড হয় নাই। ইহা কোন দেবোত্তর, পীরোত্তর বা ওয়াক-অফ স্টেটের অন্তর্ভুক্ত সম্পত্তি নহে। ইহার উপর কোন মন্দির, মসজিদ বা কবর স্থান নাই। ইহার উপর কোন চার্জ বা লিয়েন নাই। এই সম্পত্তি আদালতের ক্রোকাকৃত সম্পত্তি নহে। এই সম্পত্তি লইয়া কোনদিন কোন আদালতে কোন কেস হয় নাই। এই সম্পত্তি আমি কোন স্থানে বন্ধক রাখিয়া কাহারও নিকট হইতে কোন টাকা কর্জ বা ধার গ্রহণ করি নাই বা দেনার দায়ে এই সম্পত্তি কোনদিন কোনরূপ আবদ্ধ হয় নাই।

অত্র দলিলে কোন ভুল ত্রুটি থাকা প্রকাশ পাইলে আমি কোবালা দাতা আপনাদের তলব মত আপনাদের খরচায় বিনা পারিশ্রমিকে ভুল সংশোধনী দলিল সম্পাদন ও রেজিষ্ট্রী করণাদি করিয়া দিতে বাধ্য রহিলাম। আরও প্রকাশ থাকে যে, অত্র দলিলে আপনাদের স্বত্ব স্বামীত্ব সুদৃঢ় করিবার জন্য আমার দ্বারা কোন পোষক দলিল করিবার প্রয়োজন হইলে আমি বা আমার ওয়ারিশানগণক্রমে বাধ্য থাকিয়া তাহা আইনতঃ করিয়া দিতে বাধ্য রহিলাম।

আরও প্রকাশ থাকে যে, অদ্য তারিখে যে দলিল আপনাদের নাম বরাবর রেজিষ্ট্রী করণাদি করিয়া দিলাম তাহা ভবিষ্যতে যদি কোন ভুল ত্রুটি থাকে এবং আমার বিক্রীত সম্পত্তিতে কোন তঞ্চকতা প্রকাশ পায় তাহা হইলে অদ্য তারিখে আপনাদের কাছ হইতে নেওয়া টাকা সুদ সহ ফেরৎ দিতে আইনতঃ বাধ্য রহিলাম।

আরও প্রকাশ থাকে যে, অত্র দলিল সাথ গ্রথিত নক্সায় দক্ষিণ দিকে যে ৩' ফুট প্রশস্ত প্রাইভেট প্যাসেজ চলাচলের জন্য প্রদর্শিত আছে যাহা পূর্ব হইতে পশ্চিম দিক বরাবর লম্বা তাহার উপর দিয়া আপনি যায় আপনারা ওয়ারিশানগণ পরম সুখে চলাচল করিতে পারিবেন। উক্ত প্যাসেজের সর্ব্ব প্রকার ইজমেন্ট রাইট পূর্বে আমার ছিল। বর্ত্তমানেও আমার আছে।

এক্ষণে আপনারা কোবালা গ্রহিতাগণ বা গ্রহিত্রী আপনাদের ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ তাহা পরম সুখে ভোগ দখল করিতে পারিবেন। আপনারা কোবালা গ্রহিতাগণ আমার কথার উপর বিশ্বাস করিয়া উক্ত সম্পত্তি খরিদ করিলেন।

এতদর্থে স্বেচ্ছায়, সুজ্ঞানে, সুস্থ শরীরে, অন্যের বিনানুরোধে এই বিক্রীত দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া নিম্ন লিখিত জায়মত ১,৬০,০০০.০০ এক লক্ষ ষাট হাজার টাকা এককালিন বুঝিয়া পাইয়া অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় দলিলে সহি সম্পাদন করিয়া দিয়া রেজিষ্ট্রী করণাদি করিয়া দিলাম। ইতি বাংলা সন ১৪০০ সনের ৩রা আশ্বিন, ইংরাজী ১৯৯৩ সালের ২০ শে সেপ্টেম্বর।

( ১ )

বিক্রীত সম্পত্তির তপশীল পরিচয় :-

**********************************

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা ও এ্যাডিশন্যাল সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর, সাবেক সাব রেজিষ্ট্রী অফিস বারুইপুর, সদর রেজিষ্ট্রী অফিস আলিপুর এলাকাধিন মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিণ ২৪ পরগণা কালেকটার বাহাদুরের অধিন পরগণা মেদনমল্ল, অন্তর্গত মৌজা সোনারপুর গ্রামে অবস্থিত রায়তঃ দখলি স্বত্ব বিশিষ্ট সুত্রের জেঃ এলঃ নং ৩১, রেঃ সাঃ নং ১০, তৌজি নং ১০১ ভুক্ত জেলা জরিপে ৩২১ নং খতিয়ান ভুক্ত হাল রিভিশন্যাল জরিপে ৩০২ নং খতিয়ানে লিখিত জেলা জরিপে ২১৭ নং দাগে হাল রিভিশন্যাল ২৫৮ নং দাগে .০৮ শতক পরিমিত শালি জমি হইতেছে। হাল ৩০২ নং খতিয়ানে একুনে .৪০ শতক পরিমিত জমির বার্ষিক খাজনা ২ টাকা ১০ আনা ৯ পাই।

হাল ২৫৮ নং দাগে আমার নিজ নাম বরাবর খরিদা ৩ কাঠা ৫ ছটাক ২৭বর্গফুট বা কমবেশী .০৫--½- শতক পরিমিত শালি জমির মধ্য হইতে সম্পূর্ণ অর্থাৎ ৩ কাঠা ৫ছটাক ২৭ বর্গফুট বা কমবেশী .০৫--½-শতক শালি জমি সায় যাবতীয় ইজমেন্ট সহ অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে। যাহার হারাহারি বার্ষিক খাজনা .০৫ পয়সা। যাহা পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিণ ২৪ পরগণা কালেকটার বাহাদুর আলিপুরের অধিন আদায় দিতে হয়।

অত্র দলিল সাথে গ্রথিত নক্সায় বিক্রীত সম্পত্তি লাল রঙের সীমারেখা দ্বারা বিশেষ ভাবে চিহ্নিত ও প্রদর্শিত রহিল। উক্ত নক্সা অত্র বিক্রীত দলিলের একাংশ বলিয়া পরিগণিত হইবে।

বিক্রীত সম্পত্তির হাল খতিয়ান নং ৩০২ তিনশত দুই।
বিক্রীত সম্পত্তির হাল দাগ নং ২৫৮ দুইশত আটান্ন।
বিক্রীত সম্পত্তির পরিমান- ৩ তিন কাঠা ৫ পাঁচ ছটাক ২৭ সাতাশ বর্গফুট।
বিক্রীত সম্পত্তির মূল্য- ১,৬০,০০০.০০ এক লক্ষ ষাট হাজারটাকা।
বিক্রীত সম্পত্তি সোনারপুর থানার অন্তর্গত ১ নং গ্রাম পঞ্চায়েতের অধিন অবস্থিত।
ইহার কোন শরিক নাই।

আশাপূর্ণা দত্ত

বিক্রীত সম্পত্তির চৌহদ্দিঃ-
**********************

উত্তরে : শ্রী নিরঞ্জন নস্কর মহাশয়ের বাড়ী ।
দক্ষিণে : শ্রী বীরেন দেবনাথ মহাশয়ের বাড়ী ।
পূর্বে : হাল ২৫৭ নং দাগের উপরিস্থিত জমির উপর বাড়ী ।
পশ্চিমে: আমার নিজ ব্যয়ে দেওয়া প্রাচীরের পর পুকুর ও তাহার পর রাস্তা ।

বিক্রীত শালি জমি বর্তমানে চাষাবাদের দ্বারা ব্যবহৃত হইতেছে ।

-: বিক্রীত সম্পত্তির হাল সুরত মাপ :-
*******************************

উত্তরে : ১৮' ফুট লম্বা ,
দক্ষিণে: ১৫' ফুট লম্বা ,
পূর্বে : ২৫' ফুট চওড়া ,
পশ্চিমে: ২৫' ফুট চওড়া ।

-: টাকার জায় :-
--------------

অদ্য রোজ নগদে প্রাপ্ত ১০০ টাকার নোট ১৬০০ কেতায় ..১,৬০,০০০.০০ টাকা
মোট এক লক্ষ ষাট হাজার টাকা বুঝিয়া পাইলাম ।

আশাপূর্ণা দত্ত

অত্র দলিল পাঠ করিয়া দাতাকে শুনাইলাম ।

Kumaresh Baidya

ইসাদিঃ-

মুশাবিদাকারকঃ-
Kumaresh Baidya
Advocate
WB. 1237/80
শ্রী কুমারেশ বৈদ্য
এ্যাড্‌ভোকেট্‌
আলিপুর পুলিশ কোর্ট,
কলিকাতা- ২৭ ।

১। তপন চক্রবর্তী,
-সাং- বৈদ্যপাড়া, সোনারপুর,
২। Ms. Alo Datta
Sonarpur
৩। শ্যামল নন্দী-
সোনারপুর

টাইপকারকঃ-
কমল কুমার ঘোষ,
কমল কুমার ঘোষ
আলিপুর পুলিশ কোর্ট
কলিকাতা- ২৭ ॥

192

6751/93

4.5.98